

বিজিএ/কাস/২০২৩/২৯৮

১৯ ডিসেম্বর, ২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তার জন্য ২০২৩-২৪ অর্থবছরের ২য় কিস্তির অর্থ ছাড়করণ প্রসঙ্গে।

সূত্রঃ নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৩৩৯ তারিখঃ ১৮/১২/২০২৩ইং

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,  
আসসালামু আলাইকুম।


উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। পোশাক শিল্প প্রতিষ্ঠানের অনিষ্পন্ন নগদ সহায়তার কেসগুলো দ্রুত সময়ে নিষ্পত্তির লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংককে পর্যাপ্ত ফান্ড সরবরাহের জন্য বিজিএমইএ কর্তৃক বিশেষভাবে অনুরোধ করা হয়। ফলশ্রুতিতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় সূত্রোক্ত পত্র মারফত রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা/প্রণোদনা এবং তৈরি পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদ সহায়তা প্রদানের জন্য চলতি ২০২৩-২৪ অর্থবছরে ২য় কিস্তিতে (অক্টোবর-ডিসেম্বর/২০২৩) ১,০০০ (এক হাজার) কোটি টাকা বাংলাদেশ ব্যাংকের অনুকূলে ছাড়করণের নির্দেশনা দিয়ে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে সূত্রোক্ত পত্রটি জারী করেছে।

এমতাবস্থায়, আপনাদের নগদ সহায়তার কেসগুলো নিষ্পত্তির জন্য স্ব স্ব লিয়েন ব্যাংকের সাথে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

আশা করি নগদ সহায়তার প্রক্রিয়াধীন/অনিষ্পন্ন কেসগুলো দ্রুত নিষ্পত্তি করে নগদ সহায়তার অর্থ পেয়ে তৈরি পোশাক রপ্তানিকারকগণ উপকৃত হবেন।

প্রয়োজনীয় কার্যার্থে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

  
ফারুক হাসান  
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৩৩৯

তারিখ: ০৩ পৌষ ১৪৩০  
১৮ ডিসেম্বর ২০২০

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ রপ্তানিমুখী দেশীয় বস্ত্র, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ, চামড়াজাত দ্রব্যসহ অনুমোদিত অন্যান্য খাতে রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা এবং তৈরী পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদ সহায়তা প্রদানের নিমিত্ত ২০২৩-২৪ অর্থবছরের ২য় কিস্তির অর্থ ছাড়করণ।

নির্দেশিত হয়ে রপ্তানিমুখী দেশীয় বস্ত্র, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ, চামড়াজাত দ্রব্যসহ অনুমোদিত অন্যান্য খাতে রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা/প্রণোদনা এবং তৈরী পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদ সহায়তা প্রদানের জন্য চলতি ২০২৩-২৪ অর্থবছরে অর্থ বিভাগের বাজেটের অধীন ভর্তুকি ও প্রণোদনা ব্যবস্থাপনা কোডের আওতায় '১০৯০১০১-১২০০০০৬০০০০০০০০-৩৮২৪২০১-সাধারণ রপ্তানি প্রণোদনা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে ২য় কিস্তিতে (অক্টোবর-ডিসেম্বর/২০২৩) ১,০০০ (এক হাজার) কোটি টাকা বাংলাদেশ ব্যাংকের অনুকূলে নির্দেশক্রমে ছাড় করা হলো। ছাড়কৃত অর্থের ভিত্তিতে হিসাব মহা-নিয়ন্ত্রক (সিজিএ) ডেবিট অথরিটি জারি করবে এবং বাণিজ্যিক ব্যাংকসমূহ হতে প্রাপ্ত ভর্তুকি দাবির বিপরীতে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক সরকারি হিসাব ডেবিট করে রপ্তানি ভর্তুকি'র অর্থ পরিশোধ করতে পারবে। তবে শর্ত থাকে যে,

শর্তাবলীঃ

- (ক) ছাড়কৃত অর্থ দিয়ে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের অনুকূলে খাতভিত্তিক নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধ করতে হবে। অন্য কোন উদ্দেশ্যে এ অর্থ ব্যয় করা যাবে না;
- (খ) দাবি পরিশোধের পর নিরীক্ষায় প্রাপ্য অর্থের চেয়ে বেশী পরিশোধিত হয়েছে মর্মে প্রমাণিত হলে সংশ্লিষ্ট অর্থ আদায়পূর্বক গ্রহীতার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে;
- (গ) এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী এবং বিভিন্ন খাতে নগদ সহায়তা প্রদানের নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (ঘ) অর্থ গ্রহীতাকে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকের নিকট এ মর্মে অঙ্গীকার (undertaking) প্রদান করতে হবে যে, প্রাপ্যতার অতিরিক্ত অর্থ গ্রহণ বা অন্য কোন অনিয়ম পরবর্তীতে পাওয়া গেলে তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং প্রদত্ত অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবেন;
- (ঙ) চলতি ২০২৩-২৪ অর্থবছর শেষে রপ্তানি খাতে নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধে বিদ্যমান পদ্ধতি এবং এর Impact সম্পর্কে একটি বিস্তারিত মূল্যায়ন প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- (চ) চলতি ২০২৩-২৪ অর্থবছরের ২য় কিস্তিতে ছাড়কৃত ১,০০০ কোটি টাকা ব্যয়ের খাতওয়ারী এবং ব্যাংকওয়ারী বিস্তারিত হিসাব বিবরণী অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- (ছ) কেবলমাত্র প্রয়োজন অনুযায়ী অর্থ সংযুক্ত তহবিল হতে উত্তোলন করা যাবে; এবং
- (জ) নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধের নিমিত্ত ছাড়কৃত অর্থ ব্যয়ে স্বচ্ছতা বজায় রাখতে হবে এবং এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাতে কোনো ব্যত্যয় না ঘটে সেদিকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

স্বাক্ষরিত/-  
(মোঃ হেলাল উদ্দীন)  
উপসচিব  
৯৫১৪১৪৬